

Bengali

'মাইগ্রেন্ট উইমেন অ্যান্ড এথনিক মাইনরিটি গ্রুপ এক্সপেরিয়েন্সেস অব ম্যাটারনিটি সার্ভিসেস ইন আয়ারল্যান্ড' প্রকল্প।



আইরিশ প্রসূতি পরিষেবাগুলি সবার জন্য আরো উন্নত করতে আমাদের সাথে যোগ দিন।



এই প্রকল্প সম্বন্ধে আরো জানতে স্ক্যান করুন।



আয়ারল্যান্ডে প্রসূতি পরিষেবার উন্নতির জন্য আমাদের প্রচেষ্টায় যোগ দিন।

আয়ারল্যান্ড-এ বিভিন্ন সংস্কৃতি এবং জাতিসত্তা পটভূমির ক্রমবর্ধমান বৈচিত্র্যময় মিশ্রণের মানুষ বসবাস করে। আন্তর্জাতিকভাবে দেখা গেছে যে, উচ্চ আয়ের দেশগুলিতে প্রসূতি পরিষেবা অ্যাক্সেস করে এমন অভিবাসী এবং জাতিসত্তার সংখ্যালঘু নারীদের মধ্যে বৈষম্য বিদ্যমান রয়েছে। এটি মা এবং শিশুর জন্য খারাপ স্বাস্থ্যগত পরিণামের দিকে নিয়ে যেতে পারে। প্রত্যেক নারীর সম্মানজনক, তথ্যপূর্ণ এবং নিরাপদ মাতৃত্বকালীন যত্ন প্রাপ্য।

দুঃখজনকভাবে, অভিবাসী এবং সংখ্যালঘু জাতিসত্তার পটভূমির নারীরা প্রায়শই অনুভব করেন যে তাদের সাথে কার্যকরভাবে যোগাযোগ করা হয় না, সহানুভূতির সাথে আচরণ করা হয় না, তারা তাদের যত্নের সিদ্ধান্তে জড়িত থাকেন না। তথ্য সংগ্রহ এবং উন্নতির প্রয়োজন এমন ক্ষেত্রগুলিকে লক্ষ্যবস্তু হিসাবে বিবেচনার জন্য আমাদের আপনার জাতিসত্তা সম্পর্কে তথ্য প্রয়োজন।

📍 Cork University Maternity Hospital

✉ MEMProject@ucc.ie



সম্পৃক্ত হোন

আপনি যদি স্বাচ্ছন্দ্য বোধ করেন তবে আমরা আপনাকে এই তথ্য সরবরাহ করতে উত্সাহিত করি। আপনার তথ্য প্রত্যেকের জন্য আরো অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর স্বাস্থ্যসেবা পরিবেশ তৈরি করতে সহায়তা করবে।

প্রশ্ন?

আমরা কেন এই তথ্য সংগ্রহ করছি বা এটি কীভাবে ব্যবহার করা হবে সে সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে নির্দিষ্টায় আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আরো বিস্তারিত জানাতে এবং আপনার যে কোনো উদ্বেগের সমাধান করতে আপনাদের সাথেই এখানে আছি।

যোগাযোগ: MEMProject@ucc.ie

আমাদের পরিষেবা উন্নত করতে এবং সকল রোগীর জন্য ন্যায়সঙ্গত যত্ন নিশ্চিত করতে সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ।



কর্ক ইউনিভার্সিটি ম্যাটারনিটি হাসপাতালে আপনাকে স্বাগতম।

উচ্চমানের ন্যায়সঙ্গত যত্ন প্রদানের জন্য আমাদের চলমান প্রতিশ্রুতির অংশ হিসাবে, আমরা আপনার জাতিসত্তা সম্পর্কে তথ্য জানতে চাইছি। এই প্রচারপত্রে ব্যাখ্যা করা হয়েছে যে কেন আমরা এই ডেটা সংগ্রহ করি, কীভাবে আমরা এটি ব্যবহার করি এবং কীভাবে আমরা আপনার গোপনীয়তা রক্ষা করি।

জাতিসত্তা বলতে কী বোঝায়?

জাতিসত্তা হচ্ছে আপনার সাংস্কৃতিক এবং পূর্বপুরুষের পটভূমি। এর মধ্যে রয়েছে অভিন্ন ইতিহাস, ঐতিহ্য, ভাষা এবং কখনও কখনও ধর্ম। এটি জাতীয়তা বা নাগরিকত্ব থেকে আলাদা।

জাতীয়তা সাধারণত সেই দেশকে বোঝায় যেখানে আপনি নাগরিক।

নাগরিকত্ব হচ্ছে কোনো দেশে আপনার আইনি অবস্থা। এটি পাসপোর্ট থাকা বা ভোট দেওয়ার মতো অধিকার প্রদান করে।



কেন আমরা জাতিসত্তা সম্পর্কে তথ্য সংগ্রহ করি

স্বাস্থ্য যত্নের দুর্বলতা সনাক্তকরণ: জাতিসত্তা সম্পর্কে তথ্য আমাদের স্বাস্থ্য সেবার ফলাফলগুলিতে পার্থক্য চিহ্নিত করতে এবং সকল রোগীর যত্ন উন্নত করার মাধ্যমে বৈষম্য সমাধান করতে সহায়তা করে।

পরিষেবা বৃদ্ধি করা: আমাদের রোগীদের জাতিসত্তার গঠন জানার ফলে আমাদের পরিষেবাগুলি সামঞ্জস্য করা, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সহায়তা প্রদান করা এবং অ্যাক্সেসযোগ্যতা উন্নত করা সম্ভব হয়।

আইন প্রতিপালন: এই ডেটা সংগ্রহ করা হলে তা আমাদের আইনি বাধ্যবাধকতা পূরণ করতে সাহায্য করে, এবং যে-সকল নীতিমালা সমতার প্রচার করে এবং স্বাস্থ্যসেবাতে বৈষম্য প্রতিরোধ করে সেগুলোকে সম্মুখ রাখতে।

📍 Cork University Maternity Hospital

✉ MEMProject@ucc.ie



আপনার জাতিসত্তা সম্পর্কে তথ্য কেন গুরুত্বপূর্ণ

আপনার জাতিসত্তা সম্পর্কে তথ্য শেয়ার করে, আমরা আশা করি:

সংখ্যালঘু এবং সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীর মধ্যে স্বাস্থ্যের পার্থক্য সম্পর্কে জ্ঞান তৈরি হবে, এবং পরবর্তীকালে এই বৈষম্যগুলি সমাধান করা শুরু হবে।

যোগাযোগ ও সাংস্কৃতিক সক্ষমতা বৃদ্ধি পাবে, অ্যাক্সেস ও যত্নের মানের ক্ষেত্রে বৈষম্যগুলি সনাক্ত হবে ও সমাধান করা হবে।

বৈষম্য হ্রাস করতে ও CUMH পরিষেবা অ্যাক্সেসকারী সকল রোগীর জন্য আরো ভাল অভিজ্ঞতা উন্নীত করার জন্য একটি মান উন্নয়নের পরিকল্পনা প্রস্তুত করা হবে।

